

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)

সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)

সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: ৪৮১১৯৪০০-০১, Fax: ৯১৮০৯৬৮, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd



স্মারক নং- ২১.০০.০০০০.৩৭০.৯৯.৮৭০ (অংশ-১).১৭.১৩৯৮


তারিখঃ ১১ পৌষ ১৪২৮
২৬ ডিসেম্বর ২০২১

বিষয়ঃ ই-জিপি সিস্টেমে উন্নয়ন সহযোগীদের অর্থায়নে সরাসরি ক্রয়পদ্ধতিতে (DPM) ক্রয় প্রক্রিয়াকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ই-জিপি সিস্টেমে সরাসরি ক্রয়পদ্ধতি (DPM) অন্তর্ভুক্ত করা হয়েছে। এই পদ্ধতির মাধ্যমে উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়নে ক্রয়কারিগণ ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে। ই-জিপি সিস্টেমে উন্নয়ন সহযোগী সংস্থার তহবিল ব্যবহার করে ক্রয়ের ক্ষেত্রে আদর্শ দরপত্র দলিল e-PG-DPM (DP) -এর মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

০২। উল্লেখ্য, উন্নয়ন সহযোগীর অর্থে পরিচালিত ক্রয়সমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট উন্নয়ন সহযোগী কর্তৃক প্রণীত DPM আদর্শ দরপত্র দলিল হতে Invitation Letter and Instruction to Tenderer (ITT), Contract Agreement and Conditions of Contract (CC) এবং Drawing সেকশনসমূহ আপলোড করতে হবে। ডকুমেন্টের Tender and Contract Forms অংশের Supplier's Offer Form, Technical Specifications and Compliance of Goods and related services, Price and Delivery Schedules ফরমসমূহ ই-জিপি সিস্টেমে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং ক্রয়কারী উল্লিখিত ফরমসমূহের প্রয়োজনীয় অংশ পূরণ করবে। এ ছাড়া Manufacturer's Authorization, Performance Security, Advance Payment Security এবং Sample Letter of Invitation for Negotiations ফরমসমূহের নমুনা অন্তর্ভুক্ত রয়েছে, যা ক্রয়কারী ও দরদাতাগণ প্রয়োজনীয় অংশ পূরণ করে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করবে।

০৩। এ বিষয়ে ই-জিপি সিস্টেম ব্যবহারকারীদের সুবিধার্থে এতৎসঙ্গে একটি Process Flow Document প্রেরণ করা হলো (সংযুক্ত)। বর্ণিত পদ্ধতি সংক্রান্ত ইউজার ম্যানুয়াল ই-জিপি সিস্টেমের সংশ্লিষ্ট ইউজারের ড্যাশবোর্ডে সংযুক্ত করা হয়েছে। অধিকন্তু, এ বিষয়ে সকল সহযোগিতার জন্য ই-জিপি হেল্পডেস্ক (২৪/৭) -এর ১৬৫৭৫ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।



২৬.১২.২০২১
মোঃ শোহেলুর রহমান চৌধুরী
মহাপরিচালক
সিপিটিইউ, আইএমইডি
পরিকল্পনা মন্ত্রণালয়।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
 ২. সিনিয়র সচিব/ সচিব/ ----- মন্ত্রণালয়/ বিভাগ।
 ৩. চেয়ারম্যান/ প্রধান প্রকৌশলী/ মহাপরিচালক/ সংস্থা প্রধান, ----- ।
- ক্রয়কারী সংস্থা ক্রয়কারী সংস্থা (সকল)-কে বিষয়টি অবহিত করার অনুরোধসহ।

সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫. অফিস কপি/ সার্কুলার ফাইল / গার্ড ফাইল।


২৬.১২.২০২১
মো আজিজ তাহের খান
পরিচালক (ই-জিপি)
ফোনঃ ৯১৮০৮৫২